গাড়িতে আগুনের ঘটনাকে বিচ্ছিন্ন বললেন স্বরাষ্ট্রমন্ত্রী



স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

রাতের আঁধারে এক-দুটি গাড়িতে আগুন দেওয়ার ঘটনাকে দেশের রাজনৈতিক অস্থিতিশীলতার চিত্র হিসেবে দেখছেন না স্বরাষ্ট্রমন্ত্রী সালাহউদ্দিন আহমদ। তিনি বলেছেন, বিচ্ছিন্ন কয়েকটি ঘটনাকে সামনে রেখে সামগ্রিক আইনশৃঙ্খলা পরিস্থিতিকে ভয়াবহ বলা ঠিক হবে না।

মঙ্গলবার (১০ নভেম্বর) ত্রয়োদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশনের দ্বিতীয় দিনের বৈঠকে আইনশৃঙ্খলা পরিস্থিতি নিয়ে বিরোধীদলীয় নেতা ডা. শফিকুর রহমান ও বিরোধীদলীয় চিফ হুইপ নাহিদ ইসলামের বক্তব্যের জবাবে তিনি এসব কথা বলেন। অধিবেশনে সভাপতিত্ব করেন ডেপুটি স্পিকার কায়সার কামাল।

স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, ঢাকা বিশ্ববিদ্যালয়ের ব্যবসায় শিক্ষা অনুষদের সামনে রাতে একটি ককটেল বিস্ফোরণ কিংবা চালক-হেলপারহীন পরিত্যক্ত বাসে আগুন দেওয়ার মতো ঘটনা দিয়ে দেশের আইনশৃঙ্খলা পরিস্থিতির অবনতি হয়েছে, এমন সিদ্ধান্তে আসা যায় না। রাতের বেলা বা ভোররাতে এক-দুটি গাড়িতে আগুন দিলেই দেশের রাজনৈতিক পরিস্থিতি অস্থিতিশীল হয়ে পড়ে না।

তবে এসব ঘটনার পেছনে ষড়যন্ত্রের আশঙ্কা রয়েছে বলে জানান তিনি। সালাহউদ্দিন আহমদ বলেন, পতিত ফ্যাসিবাদী শক্তির লোকজন দেশের ভেতরে আত্মগোপনে থেকে আবারও সক্রিয় হওয়ার চেষ্টা করছে। সীমান্তের ওপার থেকে তাদের কোনো সহযোগিতা বা ইন্ধন দেওয়া হচ্ছে কি না, সেখান থেকে আশ্রয় নেওয়া ব্যক্তিরা কীভাবে রাজনৈতিক কর্মকাণ্ড চালাচ্ছেন, এসব বিষয় সরকার খতিয়ে দেখছে।

এ সময় গোয়েন্দা সংস্থার সদস্য পরিচয়ে এক সংসদ সদস্যকে ফোন করে দল ছাড়ার পরামর্শ দেওয়ার অভিযোগের প্রসঙ্গও ওঠে। বিরোধীদলীয় নেতা বিষয়টি সংসদে তুলে ধরলে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, সংশ্লিষ্ট ফোন নম্বর ও কী ধরনের বার্তা দেওয়া হয়েছে, তা জানালে সরকার তদন্ত করে দেখবে।

এরপর ৩০০ বিধিতে বক্তব্য দেওয়ার কথা জানিয়ে স্বরাষ্ট্রমন্ত্রী বলেন, দেশের ভেতরে কিংবা বাইরে থেকে কোনো ষড়যন্ত্র বা নীলনকশা বাস্তবায়ন করতে দেওয়া হবে না। এ বিষয়ে সবাই অঙ্গীকারবদ্ধ।